

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



স্মারক নং-৮০.০০.০০০০.০০০.১০৩.১১.০০০২.২৬-

৪৮৪

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৬ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: পররাষ্ট্র মন্ত্রণালয়ের “ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) পদের বাছাই পরীক্ষার (MCQ Type) কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের “ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) পদের প্রার্থীদের বাছাই পরীক্ষা (MCQ Type) নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময়সূচী ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষার তারিখ ও সময়	ক্রমিক নম্বর	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর সংখ্যা
“ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নং-৬৫ বিজ্ঞপ্তির তারিখ ২৪.০৬.২০২৬	১৪-১০-২০২৬ (বুধবার) বিকাল-৩.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত	১.	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা।	০০০০০১ থেকে ০০২০০০	২০০০ জন
		২.	আগারগাঁও তালতলা সরকারি কলোনি উচ্চ বিদ্যালয় ও কলেজ, তালতলা, ঢাকা।	০০২০০১ থেকে ০০৪০০০	২০০০ জন
		৩.	শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা।	০০৪০০১ থেকে ০০৬০০০	২০০০ জন
		৪.	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।	০০৬০০১ থেকে ০০৮০০০	২০০০ জন
		৫.	ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল, ঢাকা।	০০৮০০১ থেকে ৩০০১৪৫	১৬০০ জন
		৬.	কিশলয় বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, মোহাম্মদপুর, ঢাকা।	৩০০১৪৬ থেকে ৪০০০৬৯	১৫০০ জন
		৭.	মাল্টিপারপাস হল, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	৪০০০৭০ থেকে ৪০০৩৯৮	৩২২ জন
		সর্বমোট=			১১৪২২ জন

সময়সূচি ও নির্দেশাবলি

সময়	পরীক্ষার্থীদের করণীয়
২.০০ ঘটিকা	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
২.৩০ মিনিট	প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।

(স্বাক্ষর)

ক্রমশ-২

৩.০০ ঘটিকা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন- সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। বিকাল ৩.০০ ঘটিকায় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না।
৪.০০ ঘটিকা	পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

২. ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কলো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।
- খ. প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়ে তা অনুসরণ করতে হবে।
- গ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঙ. পরীক্ষার্থীগণ পরীক্ষার হলে হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না। প্রবেশপত্রে উল্লিখিত ক্যালকুলেটর ব্যবহারের বিষয়টি লিখিত পরীক্ষার জন্য প্রযোজ্য, বাছাই পরীক্ষার (MCQ Type) জন্য নয়।
- চ. ভূয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিস্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ছ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- জ. পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান-১০০ (একশত)। প্রতিটি শূদ্ধ উত্তরের জন্য প্রার্থী ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর করে কাটা যাবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় ১ (এক) ঘণ্টা।
- ঝ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ০৭-১০-২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৩ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।
- ঞ. প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনের দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।



- ট. কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের “ব্যক্তিগত কর্মকর্তা” পদের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।
- ঠ. কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ড. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
৩. ক. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।
- খ. কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোনো পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সে জন্য হল কর্তৃপক্ষ এবং কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।
- গ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।
৪. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।

২৭/১২/২০২৬

(মোঃ মাহফুজুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

(চলতি দায়িত্ব)